একক অভীক্ষা, সামগ্রিক মূল্যায়ন / বাৎসরিক পরীক্ষাভিত্তিক পাঠ্যসূচি বিভাজন এবং নমুনা প্রশ্ন (বাংলা ও ইংরাজি ভাষায়) সংবলিত হাতবই

শ্রেণি - পঞ্চম

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ
৭৭/২, পার্ক স্ট্রিট, কলকাতা - ৭০০ ০১৬

Handbook on Unit and Summative Evaluation / Annual Examination wise break up of syllabi including sample questions (Bengali and English version)

CLASS - V

West Bengal Board of Secondary Education
77/2, Park Street
Kolkata - 700 016

একক অভীক্ষা, সামগ্রিক মূল্যায়ন / বাৎসরিক পরীক্ষাভিত্তিক পাঠ্যসূচি বিভাজন এবং নমুনা প্রশ্ন (বাংলা ও ইংরাজি ভাষায়) সংবলিত হাতবই

শ্রেণি - পঞ্চম

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ
৭৭/২, পার্ক স্ট্রিট, কলকাতা - ৭০০ ০১৬

Handbook on Unit and Summative Evaluation / Annual Examination wise break up of syllabi including sample questions (Bengali and English version)

CLASS - V

West Bengal Board of Secondary Education
77/2, Park Street
Kolkata - 700 016

প্রকাশ
১৬ ডিসেম্বর, ২০০৮

প্রকাশক
ড. পার্থ রায়
সচিব, পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ
৭৭/২, পার্ক স্ট্রিট, কলকাতা - ৭০০ ০১৬

মুদ্রক
বঙ্গাবাসী লিমিটেড
২৬, পটলডাঙ্গা স্ট্রিট
কলকাতা - ৭০০ ০০৯
ফোন - ২৩৫০-০৫৩৮ / ৯৮৩০০৫৬৩৮০

Publication
16th December, 2008

Published by :
Dr. Partha Roy
Secretary
West Bengal Board of Secondary Education
77/2, Park Street, Kolkata – 700 016

Printed by :
Bangabasi Limited
26, Pataldanga Street
Kolkata - 700 009
Ph. No. - 23500538/9830056380

প্রাক্ কথন

পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের নতুন শিক্ষাবর্ষপঞ্জি অনুযায়ী পঞ্চম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত অভীক্ষা ভিত্তিক পাঠ্যসূচি বিভাজন ও অভীক্ষার জন্য নমুনা মূল্যায়নপত্র কাম্যসামর্থ্যগুলি শিক্ষার্থীদের অর্জন করার বিষয়টিকে গুরুত্ব দিয়ে শ্রেণিভিত্তিক হাতবই আকারে সন্নিবেশিত করা হল। সেই সঙ্গে পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত সমীক্ষা অন্তে বাৎসরিক সামগ্রিক মূল্যায়ন বা পরীক্ষার সামর্থ্যভিত্তিক পাঠ্যসূচি বিভাজন করা হয়েছে। তার ফলশ্রুতিতে পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের অনুমোদিত বিদ্যালয় সমূহে একইরকম ভাবে শিখন-শেখানোর কাজ শিক্ষার্থীদের সামর্থ্য বিকশিত করার জন্য অনুসরণ করা সম্ভব হ'য়ে উঠবে। সামর্থ্যভিত্তিক ধারাবাহিক শিখন প্রক্রিয়া সার্থকভাবে পরিচালিত হয়ে অভীক্ষা ভিত্তিক শিক্ষার্থীদের বিকাশের প্রক্রিয়া ঘাটতি চিহ্নিতকরণ ও সংশোধনী পাঠের মধ্য দিয়ে কাম্যমানে পৌঁছানো সম্ভব হবে এবং বাৎসরিক সামগ্রিক মূল্যায়নের সাহায্যে তার পরিপূর্ণ যাচাই করার কাজ সুসম্পন্ন করাও সুষ্ঠুভাবে করা যাবে।

পর্ষদের প্রথম ভাষার ক্ষেত্রে হাতবইটি পঞ্চম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত সমন্বিত আকারে একটি হাতবই রূপে প্রকাশিত হল।

বিষয়ভিত্তিক এই হাতবইগুলির পরিকল্পনা ও রচনার জন্য যে সমস্ত বিশেষজ্ঞ বিষয় শিক্ষকগণ অক্লান্ত পরিশ্রম করেছেন — তাঁদের সকলকে পর্ষদের পক্ষ থেকে অভিনন্দন জানাই।

এই হাতবইগুলির প্রকাশের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের সর্বশিক্ষা বিভাগ ও তার পরামর্শদাতারা ধারাবাহিকভাবে যে পরিশ্রম করেছেন সে জন্য তাদের ধন্যবাদ জানাই।

আশা করি, এই হাতবইগুলি বিদ্যালয়গুলির শিখন প্রক্রিয়ায় বিশেষভাবে সহায়ক হ'য়ে উঠবে।

মমতা রায়

(মমতা রায়)
সভাপতি
পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ

তারিখ : ডিসেম্বর ১৬, ২০০৮

স্থান : কলকাতা

Preface

For facilitating uniform enforcement of the Academic Calendar of West Bengal Board of Secondary Education the syllabus for each subject (for classes V to IX) has been recast by unitizing the contents. Accordingly a number of handbook have been prepared containing a few sample unit test question papers for guiding the teachers of all schools affiliated to the West Bengal Board of Secondary Education. The purpose of holding unit tests is to develop learner's competencies in the subjects concerned.

At the end of the academic session the schools are required to conduct summative tests / annual examination which is judgemental in nature. Its purpose is to assess the learners' overall performance and to put them in quality bunching according to their level of achievement. For this, the existing syllabus has been recast by containing foundational topics and also sample question papers have been prepared to help both the teachers and the learners. The syllabus for each subject has been streamlined for making the summative tests stress free for the students.

One handbook for each class (V to IX) containing the necessary details for all subjects excepting first language is now being published. The handbook for the First Language is being compiled as a separate book by the West Bengal Board of Secondary Education.

The Board would like to thank all subject experts who have worked very hard and have extended their expertise to bring out the handbooks.

The Board would also like to thank the Consultants of the SSA Cell, WBBSE, who have extended vital major support at different stages of the preparation of handbooks.

The Board sincerely hopes that the handbooks will be of great help to all schools under its jurisdiction.

(Mamata Ray)
President
West Bengal Board of Secondary Education

Date : December 16, 2008

Place : Kolkata

'হাতবই'-এর পরিপ্রেক্ষিত

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ প্রাথমিক স্তরের শিক্ষাক্রম ও পাঠ্যসূচির পুনর্নবীকরণের কাজ সম্পূর্ণ করেছে ২০০৩ সালে। বিশেষজ্ঞদের সুচিন্তিত অভিমতের ভিত্তিতে ২০০৫-এ মূল্যায়ন ও পাঠ্যসূচির সংযোজন ও সংশোধন করা হয়েছে। প্রতিটি পাঠকে এক-একটি এককে এবং কোনো কোনো একককে একাধিক উপএককে বিন্যস্ত করা হয়েছে।

পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয়সমূহে দীর্ঘদিন ধরেই পঞ্চম শ্রেণির পঠনপাঠনের ব্যবস্থা রয়েছে। পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদ শিক্ষাবর্ষপঞ্জি অনুযায়ী অন্যান্য শ্রেণির সঙ্গে পঞ্চম শ্রেণির সকল বিষয়ের পাঠ্যসূচির একক অভীক্ষার এককভিত্তিক বিভাজন এবং প্রান্তীয় সামর্থ্যের ভিত্তিতে সামগ্রিক মূল্যায়নের পাঠ্যসূচির বিভাজন এবং নমুনা প্রশ্নসমূহসহ একটি 'হাতবই'-এর পরিকল্পনা করেছেন এবং পঞ্চম শ্রেণির পাঠ্যসূচির বিভাজনের বিষয়টির অনুমোদন চেয়েছেন পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের কাছে। পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের সঙ্গে আলোচনা করে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ যথানির্দেশ পঞ্চম শ্রেণির 'হাতবই'-কে আনন্দের সঙ্গে অনুমোদন করেছে।

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ আশা করে পঞ্চম শ্রেণির জন্য এই 'হাতবই' বিশেষভাবে শিক্ষার্থী সহায়ক হবে।

সচিব

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

Perspective of 'Handbook'

The West Bengal Board of Primary Education revisited the curriculum and syllabi in the year 2003. After series of deliberations with the eminent educationists and experts necessary changes in evaluation and syllabi have been made in the year 2005. Every lesson has been divided and subdivided into units and or subunits.

For a long time teaching-learning process in class V is being carried out under the administrative and academic set up of secondary schools in West Bengal. The West Bengal Board of Secondary Education as per Academic Calendar has designed a Handbook for class V alongwith that for other classes containing unitized syllabi for all subjects for unit tests and syllabi for Summative Evaluation / Annual Examination with sample questions and seeks approval of the West Bengal Board of Primary Education for class V. After discussion with the West Bengal Board of Secondary Education it is directed to accord permission for the said 'Handbook' for class V with great pleasure.

The West Bengal Board of Primary Education expects that this 'Handbook' would be of immense help to the learners.

Secretary

West Bengal Board of Primary Education

সূচিপত্র

CONTENTS

একক অভীক্ষাভিত্তিক পাঠ্যসূচি বিভাজন

বিষয় ঃ বাংলা (প্রথম ভাষা)

শ্রেণি — পঞ্চম

	পাঠ	
১ম একক	১.	রাখাল ছেলে (কবিতা)
	২.	বড়ো খবর (গদ্য)
	৩.	মহামারীর কবলে (গদ্য)
২য় একক	৪.	বই পড়ো (কবিতা)
	৫.	রেফারি নুটুকাকা (গদ্য)
	৬.	মৃত্যুঞ্জয়ী প্রীতিলতা (গদ্য)
৩য় একক	৭.	ফাল্গুন (কবিতা)
	৮.	বিদূষক (গদ্য)
	৯.	হিন্দু মুসলমান (কবিতা)
	১০.	সত্য ও অসত্য (গদ্য)
	১৭.	দুষ্টের শাস্তি (নাটিকা)
৪র্থ একক	১১.	হেমন্ত (কবিতা)
	১২.	বীরসা মুন্ডার উলগুলান (গদ্য)
	১৩.	জুঁইফুল (কবিতা)
	১৮.	বাংলা ভাষার কথা
৫ম একক	১৪.	কমপুটারের কেরামতি (গদ্য)
	১৫.	সকলদেশের সেরা (কবিতা)
	১৬.	কেদারনাথের পথে (গদ্য)
	১৯.	নিজের কথা

Unit Test wise break-up of Syllabus

Subject : English (Second Language)

Class V

1st Unit Test	Lessons 1 – 3 [+ Revision Lesson]
2nd Unit Test	Lessons 4 – 7
3rd Unit Test	Lessons 8 – 11
4th Unit Test	Lessons 12 – 14
5th Unit Test	Lessons 15 – 17 [Including practising writing skill by way of picture description on the model of Lesson – 17]

একক অভীক্ষাভিত্তিক পাঠ্যসূচি বিভাজন

বিষয় ঃ গণিত

শ্রেণি — পঞ্চম

একক অভীক্ষা	
প্রথম	প্রথম পাঠ-একক ঃ পূর্বপাঠের অনুশীলনী দ্বিতীয় পাঠ-একক ঃ প্রথম উপএকক ঃ সামান্য ভগ্নাংশ সংখ্যার প্রকারভেদ। দ্বিতীয় উপএকক ঃ ভগ্নাংশের জটিল যোগ ও বিয়োগ। তৃতীয় উপএকক ঃ ভগ্নাংশের গুণ ও ভাগ। চতুর্থ উপএকক ঃ একাধিক প্রক্রিয়াযুক্ত ভগ্নাংশের সমস্যার সমাধান।
দ্বিতীয়	দ্বিতীয় পাঠ-একক ঃ পঞ্চম উপএকক ঃ ভগ্নাংশ সংখ্যাকে দশমিক সংখ্যায় প্রকাশ করা। ষষ্ঠ উপএকক ঃ দশমিক সংখ্যাকে দশমিক সংখ্যা দিয়ে গুণ ও ভাগ। সপ্তম উপএকক ঃ একাধিক প্রক্রিয়াযুক্ত দশমিক সংখ্যাঘটিত সমস্যা। ষষ্ঠ পাঠ-একক ঃ প্রথম উপএকক ঃ সরলরেখা, বিন্দু।
তৃতীয়	তৃতীয় পাঠ-একক ঃ প্রথম উপএকক ঃ অংশ হিসাবে প্রকাশ করা। দ্বিতীয় উপএকক ঃ ঐকিক নিয়ম। তৃতীয় উপএকক ঃ অনুপাত ও সমানুপাত। চতুর্থ উপএকক ঃ শতকরা। ষষ্ঠ পাঠ-একক ঃ দ্বিতীয় উপএকক ঃ কোণ।
চতুর্থ	চতুর্থ পাঠ-একক ঃ হিসাব রক্ষণ। ষষ্ঠ পাঠ-একক ঃ তৃতীয় উপএকক ঃ ত্রিভুজ, চতুর্ভুজ, বৃত্ত। সপ্তম পাঠ-একক ঃ প্রথম উপএকক ঃ দৈর্ঘ্য, প্রস্থ ও পরিসীমা।
পঞ্চম	পঞ্চম পাঠ-একক ঃ বিভিন্ন এককাবলি ও তাদের পারস্পরিক সম্পর্ক। ষষ্ঠ পাঠ-একক ঃ চতুর্থ উপএকক ঃ একটি রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডন। সপ্তম পাঠ-একক ঃ দ্বিতীয় উপএকক ঃ ক্ষেত্রফল। অষ্টম পাঠ-একক ঃ লেখচিত্র।

একক অভীক্ষাভিত্তিক পাঠ্যসূচি বিভাজন

বিষয় ঃ পরিবেশ পরিচিতি — প্রকৃতিবিজ্ঞান

শ্রেণি — পঞ্চম

প্রথম একক অভীক্ষা ঃ ২০

১। পাঠ-একক 'এক' ঃ উদ্ভিদের বিভিন্ন অংশ ও তাদের কাজ

উপএকক ঃ (ক) মূল (খ) কাণ্ড (গ) পাতা (ঘ) ফুল (ঙ) ফল

২। পাঠ-একক 'পাঁচ' ঃ পরিমাপের বিভিন্ন একক

(ক) ভর ও ওজন

(খ) দৈর্ঘ্যের পরিমাপ

(গ) তরল বস্তুর আয়তনের পরিমাপ

দ্বিতীয় একক অভীক্ষা ঃ ২০

১। পাঠ-একক 'দুই' ঃ কয়েকটি প্রাণীর জীবনচক্র

(ক) ব্যাঙ (খ) প্রজাপতি (গ) মৌমাছি

২। পাঠ-একক 'নয়' ঃ পরিবেশ দূষণ ও তার প্রতিকার

(ক) পরিবেশ দূষণ বলতে কী বোঝায়।

(খ) মাটি, জল, বায়ু — এসবের দূষণগুলির সাধারণ কয়েকটি কারণ ও সম্ভাব্য প্রতিকারপন্থা।

(গ) শব্দদূষণের সম্ভাব্য কারণ ও প্রতিকারপন্থা।

(ঘ) পরিবেশ সংরক্ষণ, বিশেষত বন ও বন্যপ্রাণী সংরক্ষণ, সম্পদের অপচয় রোধ।

তৃতীয় একক অভীক্ষা ঃ ৩০

১। পাঠ-একক 'তিন' ঃ সৌরশক্তি, তড়িৎ/বিদ্যুৎশক্তি, চুম্বকশক্তি।

উপএকক ঃ (ক) সৌরশক্তি।

(খ) তড়িৎ/বিদ্যুৎশক্তি।

(গ) চুম্বকশক্তি।

(ঘ) শক্তিসংকট এবং দু-একটি অপ্রচলিত শক্তির উৎস।

২। পাঠ-একক 'চার' ঃ সাধারণ জীবনযাত্রাকে স্বচ্ছন্দময় করার জন্য ব্যবহৃত কয়েকটি সরলযন্ত্র ও তাদের প্রয়োগকৌশল ঃ—

উপএকক ঃ (ক) যন্ত্রের প্রয়োজনীয়তা এবং যন্ত্র কী করে কাজ করে।

(খ) কয়েকটি পরিচিত সরলযন্ত্র ও তাদের প্রয়োগকৌশল।

চতুর্থ একক অভীক্ষা ঃ ২০

১। পাঠ-একক 'ছয়' ঃ সূর্য, পৃথিবী ও চন্দ্রের অবস্থান, আবর্তন ও আকর্ষণ।

উপএকক ঃ (ক) সূর্যগ্রহণ

(খ) চন্দ্রগ্রহণ

(গ) জোয়ারভাঁটা

(ঘ) কয়েকটি নক্ষত্রমণ্ডলের অবস্থান।

(ঙ) সপ্তর্ষিমণ্ডল ও ধ্রুবতারা।

(চ) লঘুসপ্তর্ষিমণ্ডল।

(ছ) ক্যাসিওপিয়া।

(জ) কালপুরুষ।

২। পাঠ-একক 'দশ' ঃ মানবজীবনে বিজ্ঞানের প্রভাব এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কয়েকজন বিজ্ঞানীর সংক্ষিপ্ত জীবনী ও আবিষ্কার।

উপএকক ঃ (ক) মানবজীবনের বিভিন্ন ক্ষেত্রে বিজ্ঞানের অবদান— কৃষিকার্যে, শিল্পে, পরিবহনে, চিকিৎসাশাস্ত্রে এবং দৈনন্দিন জীবনের বিভিন্ন ক্ষেত্রে।

(খ) কয়েকজন যুগান্তকারী বিজ্ঞানীর জীবনী ও বিশেষ আবিষ্কার বিষয়ে জানতে পারা।

পঞ্চম একক অভীক্ষা ঃ ২০ + ১০ = ৩০

১। পাঠ-একক 'সাত' ঃ পাথর এবং মাটির প্রকারভেদ ও খনিজ পদার্থ।

উপএকক ঃ (ক) শিলা

(খ) মাটির উৎপত্তি ও প্রকারভেদ।

(গ) খনিজ পদার্থ।

২। পাঠ-একক 'আট' ঃ মানবদেহের কতকগুলি প্রধান শারীরিক প্রক্রিয়া ঃ—

উপএকক ঃ (ক) রক্ত সংবহন প্রক্রিয়া।

(খ) রেচন প্রক্রিয়া।

একক অভীক্ষাভিত্তিক পাঠ্যসূচি বিভাজন

বিষয় ঃ পরিবেশ পরিচিতি — ইতিহাস

শ্রেণি — পঞ্চম

প্রথম একক অভীক্ষা

পাঠ-একক-এক ঃ বিষয় — **বাণিজ্যের প্রসার, ভৌগোলিক আবিষ্কার**

সামর্থ্য ঃ ভৌগোলিক আবিষ্কারের দৃষ্টান্ত দিতে পারা। ভৌগোলিক আবিষ্কারের ফলে বাণিজ্যের প্রসার, উপনিবেশ প্রতিষ্ঠার উদাহরণ দিতে পারা (ভারত, ইন্দোচিন ইত্যাদি)।

পাঠ-একক-দুই ঃ বিষয় — **আধুনিকযুগে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা**

সামর্থ্য ঃ আধুনিক বিজ্ঞানের অগ্রগতির মাধ্যমে বাষ্পশক্তি, বিদ্যুৎশক্তি, চিকিৎসাবিজ্ঞান প্রভৃতির সম্পর্কে কথা বলতে ও লিখতে পারা।

দ্বিতীয় একক অভীক্ষা

পাঠ-একক-তিন ঃ বিষয় — **শিল্প ও কৃষির প্রসার**

সামর্থ্য ঃ শিল্পের অগ্রগতির ফলে কারখানা, খনি, রেল, বন্দর-এর কথা জানতে ও জানাতে পারা। শ্রমিক ও কৃষকদের উন্নতির কথা জেনে জানাতে পারা।

পাঠ-একক-চার ঃ বিষয় — **একালের যোগাযোগ ব্যবস্থা**

সামর্থ্য ঃ যোগাযোগ ব্যবস্থার উন্নতির কথা জানতে, বলতে ও লিখতে পারা।

তৃতীয় একক অভীক্ষা

পাঠ-একক-পাঁচ ঃ বিষয় — **ভিন দেশ দখলের লড়াই**

সামর্থ্য ঃ বাণিজ্যের প্রসার ও উপনিবেশ স্থাপনে বড়ো বড়ো রাষ্ট্রের মধ্যে যুদ্ধ ও তার জন্য মারণাস্ত্র প্রয়োগ-এর সম্বন্ধে জানতে, বলতে এবং লিখতে পারা।

পাঠ-একক-ছয় ঃ বিষয় — **দেশে দেশে নবচেতনার বিকাশ ও উন্মেষ**

সামর্থ্য ঃ দেশে দেশে গণতন্ত্র ও সমানাধিকার প্রতিষ্ঠার জন্য বিদ্রোহ সম্বন্ধে জানতে, বলতে ও লিখতে পারা।

পাঠ-একক-সাত ঃ বিষয় — **নানা দেশে জাতীয় স্বাধীনতার সংগ্রাম**

সামর্থ্য ঃ দেশে দেশে উপনিবেশগুলির বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলন সম্বন্ধে জানতে, বলতে ও লিখতে পারা।

চতুর্থ একক অভীক্ষা

পাঠ-একক-আট ঃ বিষয় — **ভারতে নবচেতনার বিকাশ**

সামর্থ্য ঃ ভারতে দেশাত্মবোধ জাগরণে বিভিন্ন মনীষীদের অবদানের কথা জানতে, বলতে ও লিখতে পারা।

পাঠ-একক-নয় ঃ বিষয় — **ভারতের স্বাধীনতা আন্দোলন**

সামর্থ্য ঃ ভারতের স্বাধীনতা আন্দোলনের কথা জানতে, বলতে ও লিখতে পারা।

পঞ্চম একক অভীক্ষা

পাঠ-একক-দশ ঃ বিষয় — **মানব সভ্যতার ভবিষ্যৎ সম্ভাবনা**

সামর্থ্য ঃ সভ্যতায় আগামীদিনের লক্ষ্য সম্বন্ধে জানতে, বলতে ও লিখতে পারা।

পাঠ-একক-এগারো ঃ বিষয় — **ভারতের শাসনতন্ত্র ও পৌরনীতি ঃ শাসনতন্ত্রের প্রস্তাবনা, নাগরিকের কর্তব্য, অধিকার এবং স্থানীয় শাসনব্যবস্থার সংক্ষিপ্ত পরিচিতি।**

সামর্থ্য ঃ ভারতের শাসনতন্ত্র, নাগরিকের অধিকার ও কর্তব্য সম্বন্ধে জানতে, বলতে ও লিখতে পারা। স্থানীয় শাসনব্যবস্থা সম্বন্ধে জেনে, বলে ও লিখে প্রকাশ করতে পারা।

একক অভীক্ষাভিত্তিক পাঠ্যসূচি বিভাজন

বিষয় ঃ পরিবেশ পরিচিতি — ভূগোল

শ্রেণি — পঞ্চম

প্রথম একক অভীক্ষা ঃ

১। আমাদের পৃথিবী ঃ মহাদেশ, মহাসাগর, মহাশূন্য

২। আমাদের দেশ ভারতের কথা ঃ

(ক) আমাদের গৌরবময় অতীতের কথা।

(খ) পৃথিবীর মধ্যে ভারতের অবস্থান ও দেশের চারপাশ।

(গ) প্রাকৃতিক পরিবেশ ঃ ভারতের প্রাকৃতিক গঠন — পর্বত, মালভূমি, সমভূমি, মরুভূমি, প্রধান নদনদী।

দ্বিতীয় একক অভীক্ষা ঃ

ভারতের বিভিন্ন অঞ্চলের জলবায়ু, মৃত্তিকা, স্বাভাবিক উদ্ভিদ

তৃতীয় একক অভীক্ষা ঃ

১। ভারতের অর্থনৈতিক পরিবেশ ঃ

(ক) কৃষি

(খ) মৎস্যসম্পদ

(গ) খনিজ

(ঘ) শক্তিসম্পদ

(ঙ) শিল্প

চতুর্থ একক অভীক্ষা ঃ

১। অন্তর্দেশীয় ও বহির্বাণিজ্য, যাতায়াত ও যোগাযোগব্যবস্থা।

২। সামাজিক ও সাংস্কৃতিক পরিবেশ ঃ দেশের মানুষ, অধিবাসী, সাংস্কৃতিক বৈচিত্র্যের মধ্যে ঐক্য।

পঞ্চম একক অভীক্ষা ঃ

ভারতের প্রতিবেশী দেশসমূহের ভৌগোলিক বিবরণ ঃ

ভারতের প্রতিবেশী রাষ্ট্রসমূহ (নেপাল, ভুটান, বাংলাদেশ, মায়ানমার, পাকিস্তান, আফগানিস্তান, শ্রীলঙ্কা।

সামগ্রিক মূল্যায়ন / বাৎসরিক পরীক্ষার পাঠ্যসূচি

বিষয় ঃ বাংলা (প্রথম ভাষা)

শ্রেণি — পঞ্চম

পাঠ একক ঃ ৩. মহামারির কবলে (গদ্য)

৫. রেফারি নুটুকাকা (গদ্য)

৯. হিন্দু মুসলমান (কবিতা)

১২. বীরসা মুন্ডার উলগুলান (গদ্য)

১৫. সকল দেশের সেরা (কবিতা)

১৭. দুস্টের শাস্তি (নাটিকা)

১৮. বাংলা ভাষার কথা

১৯. নিজের কথা

বাৎসরিক পরীক্ষার প্রশ্নপত্র ও পাঠের শেষের অনুশীলনী অনুযায়ী করতে হবে।

'নিজের কথা'র মূল্যায়নের জন্য পৃষ্ঠা ৭৯তে দেওয়া নমুনা ও ৮০ পৃষ্ঠায় দেওয়া ছক অনুযায়ী করতে হবে।

Syllabus for Summative Evaluation / Annual Examination

Subject : English (Second Language)

Class V

1.	Lesson – 1	More use of 'a' and 'an'
2.	Lesson – 2	Use of 'has' and 'have'
3.	Lession – 6 Lesson – 7	Use of Simple Past Tense
4.	Lesson – 9	Use of Present Perfect Tense
5.	Lesson – 10	Use of different Parts of Speech
6.	Lesson – 13	Use of describing words in sentences
7.	*Lesson – 15	aural-oral skill integrated with writing skill [Can be used for testing writing skill, i.e., picture description in a few shorts, simple sentences]
8.	List of Words	To be used for testing meaning and spelling

সামগ্রিক মূল্যায়ন / বাৎসরিক পরীক্ষার পাঠ্যসূচি

বিষয় ঃ গণিত

শ্রেণি — পঞ্চম

পাটিগণিত ঃ

দ্বিতীয় পাঠ ঃ দশমিক সংখ্যাকে দশমিক সংখ্যা দিয়ে গুণ, ভাগ এবং একাধিক প্রক্রিয়াযুক্ত দশমিক সংখ্যাঘটিত সমস্যা।

তৃতীয় পাঠ ঃ অংশ হিসাবে প্রকাশ করা, ঐকিক নিয়ম, অনুপাত ও সমানুপাতের প্রাথমিক ধারণা, শতকরা, বিভিন্ন এককাবলি ও তাদের পারস্পরিক সম্পর্ক।

পঞ্চম পাঠ ঃ বিভিন্ন এককাবলি ও তাদের পারস্পরিক সম্পর্ক।

জ্যামিতি ঃ

ষষ্ঠ পাঠ ঃ কোণ, ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্ত। একটি রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডন।

ক্ষেত্রফল ঃ

সপ্তম পাঠ ঃ আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের পরিসীমা,
আয়তক্ষেত্র ও বর্গক্ষেত্রের ক্ষেত্রফল বা কালি নির্ণয়।

সামগ্রিক মূল্যায়ন / বাৎসরিক পরীক্ষার পাঠ্যসূচি

বিষয় ঃ পরিবেশ পরিচিতি — প্রকৃতি বিজ্ঞান

শ্রেণি — পঞ্চম

পাঠ-একক এক ঃ উদ্ভিদের বিভিন্ন অংশ ও তাদের কাজ ঃ
সম্পূর্ণ অংশ

পাঠ-একক দুই ঃ কয়েকটি প্রাণীর জীবনচক্র ঃ
উপ-একক : (ক) ব্যাঙ
(খ) মৌমাছি

পাঠ-একক তিন ঃ সৌরশক্তি, তড়িৎ/বিদ্যুৎশক্তি, চুম্বক শক্তি ঃ
উপ-একক : (ক) সৌরশক্তি
(খ) তড়িৎ/বিদ্যুৎশক্তি
(গ) চুম্বক শক্তি

পাঠ-একক চার ঃ সাধারণ জীবনযাত্রাকে স্বচ্ছন্দময় করার জন্য কয়েকটি সরলযন্ত্র ও তাদের প্রয়োগ কৌশল ঃ
সম্পূর্ণ অংশ

পাঠ-একক পাঁচ ঃ পরিমাপের বিভিন্ন একক ঃ
সম্পূর্ণ অংশ

পাঠ-একক ছয় ঃ সূর্য, পৃথিবী ও চন্দ্রের অবস্থান, আবর্তন ও আকর্ষণ ঃ
উপ-একক : (ক) সূর্যগ্রহণ
(খ) চন্দ্রগ্রহণ
(গ) জোয়ার-ভাটা
(ঘ) নক্ষত্র ও গ্রহের পার্থক্য

পাঠ-একক সাত ঃ পাথর, মাটির প্রকারভেদ ও খনিজ পদার্থ ঃ
উপ-একক : (ক) পাথর বা শিলা
(খ) খনিজ পদার্থ

পাঠ-একক আট ঃ সম্পূর্ণ অংশ বাদ

পাঠ-একক নয় ঃ পরিবেশ দূষণ ও তার প্রতিকার ঃ
সম্পূর্ণ অংশ

পাঠ-একক দশ ঃ মানবজীবনে বিজ্ঞানের প্রভাব এবং আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কয়েকজন বিজ্ঞানীর সংক্ষিপ্ত জীবনী ও আবিষ্কার ঃ

উপ-একক : (ক) মানবজীবনের বিভিন্ন ক্ষেত্রে বিজ্ঞানের অবদান — কৃষিকার্যে, শিল্পে, পরিবহনে, চিকিৎসাশাস্ত্রে এবং দৈনন্দিন জীবনের বিভিন্ন ক্ষেত্রে।

সামগ্রিক মূল্যায়ন / বাৎসরিক পরীক্ষার পাঠ্যসূচি

বিষয় ঃ পরিবেশ পরিচিতি — ইতিহাস

শ্রেণি — পঞ্চম

পাঠ-একক দুই ঃবিষয় — আধুনিক যুগে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা

সামর্থ্য ঃ আধুনিক বিজ্ঞানের অগ্রগতির মাধ্যমে বাষ্পশক্তি, বিদ্যুৎশক্তি, চিকিৎসাবিজ্ঞান প্রভৃতির সম্পর্কে কথা বলতে ও লিখতে পারা।

পাঠ-একক তিন ঃ বিষয় — শিল্প ও কৃষির প্রসার

সামর্থ্য ঃ শিল্পের অগ্রগতির ফলে কারখানা, খনি, রেল, বন্দর-এর কথা জানতে ও জানাতে পারা। শ্রমিক ও কৃষকদের উন্নতির কথা জেনে জানাতে পারা।

পাঠ-একক সাত ঃ বিষয় — নানা দেশে জাতীয় স্বাধীনতার সংগ্রাম

সামর্থ্য ঃ দেশে দেশে উপনিবেশগুলির বিরুদ্ধে স্বাধীনতা আন্দোলন সম্বন্ধে জানতে, বলতে ও লিখতে পারা।

পাঠ-একক আট ঃ বিষয় — ভারতে নবচেতনার বিকাশ

সামর্থ্য ঃ ভারতে দেশাত্মবোধ জাগরণে বিভিন্ন মনীষীদের অবদানের কথা জানতে ও লিখতে পারা।

পাঠ-একক নয় ঃ বিষয় — ভারতের স্বাধীনতা আন্দোলন

সামর্থ্য ঃ ভারতের স্বাধীনতা আন্দোলনের কথা জানতে, বলতে ও লিখতে পারা।

পাঠ-একক দশ ঃ বিষয় — মানব সভ্যতার ভবিষ্যৎ সম্ভাবনা

সামর্থ্য ঃ সভ্যতায় আগামীদিনের লক্ষ্য সম্বন্ধে জানতে, বলতে ও লিখতে পারা।

**<u>এক থেকে এগারো পাঠ-একক</u>

দৃষ্টিভঙ্গি ঃ পৃথিবীর বিভিন্ন দেশের প্রতি আগ্রহ গড়ে উঠবে। সংস্কৃতির বিভিন্নতা সম্পর্কে ধারণা গড়ে উঠবে। বৈজ্ঞানিক আবিষ্কারের মাধ্যমে কুসংস্কারের বিরুদ্ধে মানুষের চেতনা বৃদ্ধি পাবে। আন্তর্জাতিকতাবোধ জাগরিত হবে। যুদ্ধের ফলে যে মারাত্মক ক্ষতি হয়, মানব সভ্যতার অগ্রগতি ব্যাহত হয়, সে সম্পর্কে স্পষ্ট একটা ধারণা গড়ে উঠবে। সাম্রাজ্যবাদ ও ফ্যাসিবাদের কুফল সম্পর্কে জানতে পারা যাবে। গণতন্ত্র ও সমান-অধিকার প্রতিষ্ঠার চেতনা জাগরিত হবে। স্বাধীনতা আন্দোলনের মাধ্যমে দেশের অধিবাসীদের মধ্যে স্বদেশপ্রেমের জাগরণ ঘটবে এবং উপনিবেশবাদ সম্পর্কে ধারণা স্বচ্ছ হবে। পৃথিবীতে ভিন্ন ভিন্ন দেশ থাকলেও, সকলের সমস্ত বৈচিত্র্য নিয়েই একটি বিশ্বমানবতাবোধের সৃষ্টি হতে পারে। পৃথিবীতে সমস্ত মানুষেরই যে সমান অধিকার — বেঁচে থাকার অধিকার, নিজেকে প্রকাশ করার অধিকার, সার্বিক উন্নতিতে অধিকার, এ সম্পর্কে ধারণা গড়ে উঠবে। আলাদা হয়ে নয়, সকলকে নিয়েই যে 'বিশ্বপরিবার' গড়ে উঠতে পারে, এ বিশ্বাস সৃষ্টির প্রেরণা লাভ করা যাবে। নাগরিকতা, নাগরিকদের অধিকার ও কর্তব্য সম্পর্কে চেতনার বিকাশ ঘটবে।

সামগ্রিক মূল্যায়ন / বাৎসরিক পরীক্ষার পাঠ্যসূচি

বিষয় ঃ পরিবেশ পরিচিতি — ভূগোল

শ্রেণি — পঞ্চম

একক	উপ-একক
১। আমাদের দেশ ভারতের কথা	(i) ভারতের প্রাকৃতিক পরিবেশ। (ii) ভারতের নদনদী।
২। ভারতের জলবায়ু, মৃত্তিকা ও স্বাভাবিক উদ্ভিদ	(i) ভারতের জলবায়ু। (ii) ভারতের স্বাভাবিক উদ্ভিদ। (iii) ভারতের মৃত্তিকা।
৩। অর্থনৈতিক পরিবেশ ভারতের সম্পদ	(i) ভারতের কৃষিজ সম্পদ। (ii) মৎস্যসম্পদ। (iii) খনিজ সম্পদ। (iv) শক্তিসম্পদ। (v) শিল্পসম্পদ।

Sample Question Paper
Unit Test–I
Subject : English (Second Language)
Class–V

Full Marks : 20 **Time–40 minutes**

1. Write the names of the days and months in the following blanks : **1×5=5**

(a) Sunday is the first day of the week and —— is the last day. The third day is —— and the fifth day is ——.

(b) —— comes after July and before ——.

2. Put 'a' or 'an' correctly in the blanks below : **1×5=5**

(a) Dr. Roy is —— M.D. (b) It is easy to take —— unit test. (c) My elder sister reads in —— university. (d) —— hour has sixty minutes. (e) I gave —— one-rupee coin to the beggar.

3. Use 'has' of 'have' correctly in the sentences below : **1×5=5**

Our school is a big building. It —— many rooms. The rooms —— large windows. So they always —— good light and air. Our school —— a large playground and a good library also. We all —— library cards.

4. Write the plurals of the words underlined below : **1×5=5**

A <u>boy</u> is flying a <u>Kite</u> in the park. A little <u>girl</u> is eating a <u>mango</u>. An old <u>man</u> is sitting under a <u>tree</u>.

Ans.

Sample Question Paper
Unit Test–II
Subject : English
Class–V

Full Marks : 20 **Time–40 minutes**

1. Read the following sentences and fill in the blanks below :

I am Fatima. Abdul Gaffar is my father. My mother is Anwara Bibi. My elder brother is Alam. The name of his wife is Absari Khatun. She is my sister-in-law. Kalam is their son. He is my nephew. He is a student.

Razia is my younger sister. Matin is her husband. He is my brother-in-law. Sarita is their daughter. She is my niece. She is a student.

Absari khatun is the daughter-in-law of Abdul Gaffar and Anwara Bibi. Matin is their son-in-law.

(a) Fill in the blanks below with the correct words from above : **1×5=5**

(i) Abdul Gaffar is the —— of Anwara Bibi.

(ii) Razia is the —— of Absari Khatun.

(iii) Matin is the —— of Alam.

(iv) Fatima is the —— of Abdul Gaffar and Anwara Bibi.

(v) Absari is the —— of Matin.

(b) Read the words in the box below and use them correctly in the following sentences : [uncle, aunt, cousins] **1×3=3**

(i) Kalam and Sarita are ——.

(ii) Alam is the —— of Sarita.

(iii) Fatima the —— of Kalam and Sarita.

2. Write the past forms of the underlined verbs in the following sentences : 1×6=6

The villagers <u>work</u> in the fields. They <u>grow</u> paddy and vegetables. They <u>bathe</u> in the pond. They also <u>catch</u> fish in the pond. They <u>buy</u> and <u>sell</u> their paddy, vegetables and fish in the village market.

Ans.

3. Write in six sentences what you do in the morning on a holiday. **6**

Ans.

Sample Question Paper for Unit Test-III

Subject : English (Second Language)

Class-V

Full Marks : 30 **Time – 55 minutes**

1. Read the following passage carefully. Then fill in the blanks in the sentences below with the underlined Verbs correctly : **1×5**

The school has started after the tiffin break. The boys and girls have taken their seats. The teacher has come to the class. The students have stopped talking. The teacher has given the students tasks.

(a) My brother_____home on a holiday. (b) We_____all our things for the tour.
(c) It_____to rain after the storme. (d) My friend_____me a nice pen.
(e) The boys and girls_____playing for the rain.

2. Pick out the nouns and adjectives in the following passage and write them in the spaces : $\frac{1}{2}\times10=5$

There are black clouds in the sky. High wind is blowing. The trees are tossing their heads. Dry leaves are flying in the air.

Nouns	Adjectives

3. Fill in the blanks below with correct pronouns : **1×5=5**

I am the only child of——parents. They love——very much. I also love——. I have a cousin. She lives with——parents in another house. We meet on——holidays.

4. Read the following story and answer the questions below (each in a sentence) : **1×5=5**

One day there came a hunter in the forest. There was a net in his hands. He used it as a trap to catch animals. After some days the lion was caught in the net. He roared and roared. The mouse heard the roar. The mouse came there. He felt sorry for the lion. Soon he cut through the net. The lion came out. He thanked the mouse. Thereafter they lived together as friends.

(a) Why did the hunter come in the forest?
Ans :
(b) Why did the lion roar?
Ans :
(c) Who felt sorry for the lion?
Ans :
(d) What did the mouse do to free the lion?
Ans :
(e) What did they do after this?
Ans :

5. Look about the class-room and find out five different things in the room. Now, write five sentences. Begin each sentences with "there" :
2×5=10
Ans :

Sample Question Paper
Unit Test–IV
Subject : English
Class–V

Full Marks : 20 **Time–40 minutes**

1. Read the following sentences and answer the question below :

In autumn the sky is clear. The sun is bright. White clouds float in the sky. A mild breeze blows. Birds are happy.

Q. Pick out the describing words in the sentences above and write their opposites : 1×5=5

Ans.

Describing words	Opposites
(a)	
(b)	
(c)	
(d)	
(e)	

2. You have read the following story in lesson-14.

Read the story again and answer the following questions : 2×4=8

Once an ass put on a lion's skin. He thought "Now I look like a lion. Others would take me for a lion." Then he began to threaten other animals. The foolish animals ran for their life. One day he threatened a fox. The fox was not afraid. He said, "you foolish ass! I know your voice. you are no lion. I would not run."

Q.(a) Why did the ass put on a lion's skin ?

Ans.

(b) Why did the other animals do?

Ans.

(c) What did the fox do?

Ans.

(d) Why was the fox clever?

Ans.

3. Describe your classroom in about seven sentences. Some describing words are given below to help you. 7

[Describing Words : large, clean, white, flat, small, high, wooden, airy, low]

Ans.

Sample Question Paper

Unit Test–V

Subject : English

Class–V

Full Marks : 30 **Time–55 minutes**

1. Write another word with a similar sound. One has been done for you : **1×5=5**

(a) sea : see.
(b) There : __________.
(c) Here : __________.
(d) son : __________.
(e) Dear : __________.
(f) Fair : __________.

2. Five words are wrongly spelt in the following sentences. Find them out and write them correctly : **1×5=5**

There is a college in our village. At the begining there was no hostel. But now there are two seperate hostels for boys and girls. There is a large area in its possesion. So there may be a university in future.

Ans.

3. The letters of the following words are not in correct order. Arrange them properly to make the right words. One has been done for you. **1×5=5**

(a) sekit : __________.
(b) dugars : __________.
(c) therun : __________.
(d) seveal : __________.
(e) mislep : __________.

4. You have seen the picture of a market in lesson 15. Write seven or eight sentences about it. Some words are given below to help you.

[small big area shops open buy sell fish vegetables fruit] **15**

Ans.

প্রথম একক অভীক্ষা

বিষয় ঃ গণিত

শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-২০ সময় — ৪০ মিনিট

১। (ক) সংখ্যায় লেখো ঃ ১×৪=৪

বারো কোটি একলক্ষ আট হাজার একচল্লিশ

(খ) কথায় প্রকাশ করো ঃ ৪২০৩৪০৪৭

(গ) ৯·৬২ গ্রাম = ? কিলোগ্রাম

(ঘ) লঘিষ্ঠ আকারে পরিণত করো ঃ $\frac{১২}{৩০}$

২। (ক) নীচের অপ্রকৃত ভগ্নাংশটিকে মিশ্র ভগ্নাংশে পরিণত করো। ২×২=৪

$\frac{৬৭৩}{৪৯}$

(খ) নীচের মিশ্র ভগ্নাংশটিকে অপ্রকৃত ভগ্নাংশে পরিণত করো।

$৯\frac{১৫}{৪৩}$

৩। (ক) মান নির্ণয় করো ঃ $\frac{৭}{১৬} + ১\frac{৩}{৮} + ৪\frac{১}{৪}$ ২

(খ) একটি বাড়ির $\frac{৫}{৭}$ অংশ রং করা হয়েছে। বাড়িটির কত অংশ রং করতে বাকি আছে? ২

৪। সাইকেলে করে বিমলের দাদা ঘণ্টায় $৮\frac{১}{৫}$ কিমি পথ যেতে পারেন। সাইকেলে করে মামার বাড়ি যেতে বিমলের দাদার ৫ ঘণ্টা সময় লেগেছিল। বিমলদের বাড়ি থেকে তাদের মামার বাড়ির দূরত্ব কত? ৪

৫। অঙ্কের ভাষায় প্রকাশ করে সমাধান করো।

$১৮\frac{৫}{৭}$ মিটার লম্বা একটি দেয়াল ৩ দিনে তৈরি করতে হবে। প্রথম দিন $৫\frac{৯}{১৪}$ মিটার এবং দ্বিতীয় দিনে $৬\frac{৬}{৭}$ মিটার দেয়াল তৈরি হল। তৃতীয় দিনে কতটুকু দেয়াল তৈরি করতে হবে?

অথবা

সরল করো ঃ ৪

$৫ - ৫\ (১\frac{১}{৫} - \frac{৩}{৫}) \div [৩ - \{২ - (২ - \frac{২}{৫})\}]$

দ্বিতীয় একক অভীক্ষা
বিষয় ঃ গণিত
শ্রেণি — পঞ্চম

পুর্ণমান-২০ সময় — ৪০ মিনিট

১। (ক) নিম্নলিখিত ভগ্নাংশ সংখ্যাদুটিকে দশমিক সংখ্যায় প্রকাশ করো। $১\frac{১}{২}+১\frac{১}{২}=৩$

$১২\frac{১৭}{২৫}$, $\frac{৭২}{১২৫}$

(খ) দশমিক সংখ্যাটিকে ভগ্নাংশ সংখ্যায় পরিণত করো। ২

১৫.০২৫

২। (ক) গুণফল নির্ণয় করো ঃ ০.৭ × ০.৬ × ৭২.০৩২

অথবা

একটি বস্তায় ০.৭৮ কুইন্টাল চিনি ধরে। এরূপ ১৫টি বস্তায় কত চিনি থাকবে?


(খ) হাওড়া থেকে বর্ধমানের দূরত্ব ৯০ কিমি। যে ট্রেনটি ঘণ্টায় ৩৭.৫ কিমি পথ যেতে পারে, তার বর্ধমান থেকে হাওড়া যেতে কত সময় লাগবে? ৩

৩। অঙ্কের ভাষায় প্রকাশ করে সমাধান করো। ৫

১২.২২ মি লম্বা বাঁশের ডগার দিকে ২.৫ মি বাদ দিয়ে বাকি অংশ থেকে সমান ৪টি টুকরো খুঁটি তৈরি হল। প্রতিটি খুঁটির দৈর্ঘ্য কত?

৪। (ক) একটি ঘনবস্তুর নাম লেখো যা ছয়টি সমতল দ্বারা আবদ্ধ। ১

(খ) ২



চিত্র

চিত্রের AB, BC, CD ও DA রেখাংশগুলি স্কেল দিয়ে মেপে মানগুলি লেখো।

(গ) ৬.৩ সেমি ও ৭ সেমি দৈর্ঘ্যের দুটি রেখাংশ আঁকো। ২

তৃতীয় একক অভীক্ষা
বিষয় ঃ গণিত
শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-৩০ সময় — ৫৫ মিনিট

১। (ক) প্রথম রাশিটিকে দ্বিতীয় রাশিটির অংশ হিসাবে প্রকাশ করো। ২

৫ দিন ৬ ঘণ্টা, ৭ দিন

(খ) ফরিদা বাংলা পরীক্ষায় ১০-এর মধ্যে ৮ এবং অঙ্ক পরীক্ষায় ২০-এর মধ্যে ১৭ পেয়েছে। কোন্ বিষয়ে তার ফল ভালো হয়েছে? ২

(গ) কালবৈশাখী ঝড়ে কবিতাদের কলাবাগানের ৪০ টি কলাগাছের মধ্যে ১৬ টি এবং হেনাদের ৬০ টির মধ্যে ২৫ টি কলাগাছ ভেঙে গেল। তুলনামূলকভাবে কাদের বাগানে ঝড়ে বেশি ক্ষতি হয়েছে? ২

২। (ক) একটি ফুটবল তৈরির কারখানায় ৩ জন শ্রমিক ১০ দিনে এক ডজন বল তৈরি করতে পারে। সরবরাহ তাড়াতাড়ি করার জন্য আরও ২ জন শ্রমিক কাজে যোগ দেয়। এখন কতদিনে এক ডজন বল তৈরি হবে? ৩

(খ) পরস্পর সম্পর্কযুক্ত দুটি বিষয় নিয়ে বাস্তব সমস্যা তৈরি করে সমাধান করো। ৩

দূরত্ব (কিমি)	সময় (ঘণ্টায়)
৯০	২
১২০	?

৩। (ক) নীচের সমানুপাতগুলিতে শূন্যপদগুলি লেখো ২

৩ ঃ ৪ ঃঃ * ২০ এবং * ঃ ৩ ঃঃ ৮ ঃ ১২

(খ) নীচের অনুপাত দুটি কী সমানুপাত গঠন করে? ১

৬ ঃ ৫ এবং ১২ ঃ ১৫

(গ) পিতা ও পুত্রের বর্তমান বয়সের অনুপাত ৭ ঃ ২। পুত্রের বর্তমান বয়স ১২ বছর হলে, তিন বৎসর পর তাদের বয়সের অনুপাত কত হবে? ৩

৪। শতকরা হার-এর গাণিতিক প্রতীকটি লেখো।

(ক) গোবর সার দিয়ে যে জমিতে ৮ কুইন্টাল ধান ফলাত, রাসায়নিক সার দেওয়ায় তাতে ১০ কুইন্টাল ধান ফলেছে। ফলন শতকরা কত বৃদ্ধি পেয়েছে? [১+২=৩]

(খ) একজন কৃষক তার মোট ফসলের ৩০% বিক্রি করে ১২৩০ টাকা পেয়েছেন। ওই দামে তার মোট ফসলের দাম কত? ৩

৫। (ক) কোনো মাপার এককের নাম লেখো। এই এককে এক সমকোণ ও এক সরলকোণের মাপ কত? ১+১+১=৩

(খ) সূক্ষ্মকোণ ও স্থূলকোণ কাকে বলে? স্থূলকোণের ছবি এঁকে দেখাও। ১+১+১=৩

চতুর্থ একক অভীক্ষা

বিষয় ঃ গণিত

শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-২০ সময় — ৪০ মিনিট

১। একটি বিদ্যালয়ের ২৫ জন ছাত্র ২৫শে ডিসেম্বর, ২০০৭ তারিখে বনভোজনের ব্যবস্থা করেছিল। প্রত্যেকে ১৫ টাকা করে চাঁদা দিয়েছিল। তারা ৫০ টাকার চাল, ১৫ টাকার ডাল, ১২.৫০ টাকার আলু, ১০ টাকার বেগুন, ১৩.৫০ টাকার ফুলকপি, ১০০ টাকার মাছ, ৪৫.৬০ টাকার তেলমশলা, ১০০ টাকার দই-মিষ্টি এবং ২৫.৭৫ টাকার জ্বালানি কিনে ছিল। এ থেকে একটি জমা খরচের হিসাব তৈরি করো। ৫

২। (ক) ত্রিভুজের অংশ কটি? একটি ত্রিভুজ অঙ্কন করে বিভিন্ন অংশগুলির নাম উল্লেখ করো। ১+৩=৪

(খ) একটি চতুর্ভুজের কটি কর্ণ? একটি চতুর্ভুজে তার কর্ণগুলি এঁকে নাম লেখো। ১+২=৩

(গ) ব্যাসার্ধ ও ব্যাসের দৈর্ঘ্যের মধ্যে কী সম্পর্ক? একটি বৃত্তের ব্যাস ও ব্যাসার্ধ এঁকে নাম লেখো। ১+২=৩

৩। (ক) একটি আয়তক্ষেত্রাকার ফলের বাগানে পরিসীমা ১০০ মিটার। বাগানটির প্রস্থ ২০ মিটার হলে দৈর্ঘ্য কত? ২

(খ) একটি বর্গাকার ফুলের বাগানের প্রত্যেক ধারের দৈর্ঘ্য ১০ মিটার। যদি বাগানটির প্রত্যেক ধারের দৈর্ঘ্য ১ মিটার করে বাড়ানো হয়, তবে নতুন বাগানটির পরিসীমা পূর্বের তুলনায় কত বেশি হবে? ৩

পঞ্চম একক অভীক্ষা

বিষয় ঃ গণিত

শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-৩০ **সময় — ৫৫ মিনিট**

১। নীচের শূন্যস্থানে যথাযথ সংখ্যা বসাও ঃ **১+১+১=৩**

(ক) ১ কিলোমিটার=...........মিটার, ১ লিটার=.........মিলিলিটার এবং ১০ ডেকাগ্রাম=.........হেক্টোগ্রাম।

(খ) ৫০ টাকা ৫০ পয়সা দুই বন্ধুর মধ্যে এমনভাবে ভাগ করে দিতে হবে যাতে এক বন্ধু অন্য বন্ধুর চেয়ে ২ টাকা ৫০ পয়সা বেশি পায়। **৩**


(গ) একটি চুড়িদারের জন্য ৪ মি ৭৫ সেমি কাপড়ের প্রয়োজন ১৫২ মিটার কাপড় থেকে কটি চুড়িদার তৈরি করা যাবে? **৪**

২। ৬.২ সেমি রেখাংশ আঁকো এবং তার লম্ব সমদ্বিখণ্ডক আঁকো। এবার রেখাংশটির সমদ্বিখণ্ডক বিন্দু দ্বারা যে দুটি অংশে বিভক্ত হয়েছে তাদের দৈর্ঘ্য মেপে লেখো। **১+২+২=৫**

৩। (ক) নীচে আয়তক্ষেত্রের বিভিন্ন তথ্য দেওয়া আছে। শূন্যস্থান পূরণ করো। **১×৫=৫**

দৈর্ঘ্য	প্রস্থ	ক্ষেত্রফল
২০ সেমি	২৫ সেমি	
১৭ মি		১৭০ বর্গমিটার
	২০ সেমি	৬০০ বর্গ সেমি
২০ ডেকামি	৭.২৫ ডেকামি	
	১২.৫ মি	২০০ বর্গমি

(খ)



দেওয়া আছে, কখ = ৯ মিটার, কচ = ১২ মিটার

কখগঘ-এর ক্ষেত্রফল = ১৪৪ বর্গমিটার

উত্তর লেখো, খচ = ?, খগ = ?,

খচছগ-এর ক্ষেত্রফল = ? কখগঘ-এর পরিসীমা = ?

কচছঘ-এর ক্ষেত্রফল = ? **১×৫=৫**

৪। জুলাই মাসের ৩ তারিখ থেকে ৭ তারিখ পর্যন্ত নিম্নহারে বৃষ্টিপাত হয়েছে। একটি লেখচিত্র অঙ্কন করে তা দেখাও। **৫**

তারিখ	৩রা	৪ঠা	৫ই	৬ই	৭ই
বৃষ্টিপাত	২.৫ সেমি	৩ সেমি	৩.৫ সেমি	৫ সেমি	২.৫ সেমি

প্রথম একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি-প্রকৃতিবিজ্ঞান

শ্রেণি — পঞ্চম

সময় — ৪০ মিনিট

পূর্ণমান-২০

১। বন্ধনী মধ্য হতে সঠিক উত্তরটি বেছে নিয়ে বাক্যটি সম্পূর্ণ করে লেখো ঃ **১×১=১**

ধুতুরা ফুলে স্তবক সংখ্যা হল (এক/দুই/তিন/চার।)

২। এককথায় উত্তর দাও ঃ **১×২=২**

(ক) পাতা থেকে নতুন উদ্ভিদ জন্মায় কোন্ উদ্ভিদে?

(খ) বস্তুর ওজন মাপা হয়——সাহায্যে।

৩। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ **২×৩=৬**

(ক) ভর ও ওজনের পার্থক্যটি লেখো।

(খ) যৌগিক ফল কাকে বলে? একটি উদাহরণ দাও।

(গ) মূলের দুটি কাজ উল্লেখ করো।

৪। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ **৩×২=৬**

(ক) একটি সম্পূর্ণ ফুলের পুংকেশর ও গর্ভকেশরের চিহ্নিত চিত্র অঙ্কন করো।

(খ) তরল ওষুধ মাপার জন্য আমরা কোন্ একক ব্যবহার করি? তরলের আয়তন মাপার জন্য ব্যবহৃত দুটি যন্ত্রের নাম লেখো।

৫। পাতার দুটি কাজ বর্ণনা করো। কোনও বস্তুর ভর তুলাযন্ত্রের সাহায্যে কীভাবে মাপা হয় তার বর্ণনা দাও। **৫×১=৫**

নমুনা প্রশ্নপত্র

দ্বিতীয় একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি-প্রকৃতিবিজ্ঞান

শ্রেণি—পঞ্চম

পূর্ণমান-২০ **সময়-৪০ মিনিট**

১। (ক) সঠিক উত্তর নির্বাচন করে পূর্ণ বাক্যে লেখো ঃ **১×১=১**

(অ) প্রজাপতির শরীরে (২টি/৩টি/৪টি) অংশ থাকে।

২। এক কথায় উত্তর দাও ঃ **১×৩=৩**

(ক) ডিম ফুটে ব্যাঙাচি হতে কত সময় লাগে?

(খ) প্রজাপতির উদরের অংশ কয়টি খণ্ড দিয়ে তৈরি?

(গ) পশ্চিমবঙ্গের একটি অভয়ারণ্যের নাম লেখো।

৩। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ **২×১=২**

(ক) শব্দদূষণ কাকে বলে?

৪। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ **৩×৩=৯**

(ক) মৌমাছিদের 'সামাজিক পতঙ্গ' বলা হয় কেন?

(খ) ব্যাংয়ের জীভের বৈশিষ্ট্য লেখো।

(গ) জল দূষণ কী কী ভাবে ঘটে?

৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ **৫×১=৫**

(ক) ব্যাংয়ের জীবনচক্রের একটি সুন্দর ছবি এঁকে তার বিভিন্ন দশা চিহ্নিত করো।

(খ) দূষণ জনিত অসুবিধে থেকে কীভাবে রেহাই পাওয়া যাবে?

নমুনা প্রশ্নপত্র

তৃতীয় একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি-প্রকৃতিবিজ্ঞান

শ্রেণি—পঞ্চম

পূর্ণমান-৩০ সময়-৫৫ মিনিট

নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ

১। সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ ১×১=১

একটি অপ্রচলিত শক্তির উৎস হল—(ক) সৌরশক্তি (খ) কয়লা (গ) পেট্রোল (ঘ) ডিজেল।

২। একটি বাক্যে উত্তর দাও ঃ ১×৩=৩

(ক) সৌরকোশ কোন্ কাজে ব্যবহার করা হয়?

(খ) 'ফিলামেন্ট' কাকে বলে?

(গ) দুটি সরলযন্ত্রের নাম লেখো।

৩। সংক্ষেপে লেখো ঃ ২×১=২

লিভারের আলম্ব বলতে কী বোঝ?

৪। (ক) কপিকলের সাহায্যে একটি ভারী জিনিসকে কীভাবে সহজেই নীচে থেকে ওপরে তোলা যায় তা একটি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও। ৩×২=৬

(খ) তড়িৎ-এর ব্যবহারের তিনটি সতর্কতা লেখো। ৩×২=৬

৫। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) তড়িৎপ্রবাহ দ্বারা কৃত্রিম চুম্বক তৈরির উপায় একটি উদাহরণ বা পরীক্ষার সাহায্যে বুঝিয়ে লেখো।

(খ) অপ্রচলিত শক্তি ব্যবহার করে শক্তি সংকট কীভাবে দূর করা যেতে পারে তা লেখো।

(গ) একজন ব্যক্তি দেয়াল ধরে ও অন্যজন সিঁড়ি বেয়ে ওপরে উঠছেন। কার বেশি কষ্ট হবে এবং কেন?

৬। (ক) একটি তড়িৎকোশের চিত্র অঙ্কন করো এবং তার বিভিন্ন অংশ চিহ্নিত করো। **৮×১=৮**

অথবা

(খ) চুম্বকের কোন্ জায়গায় আকর্ষণ শক্তি সবচেয়ে বেশি তার চিত্র অঙ্কন করো এবং কাঁচির চিত্র অঙ্কন করে বল, বাধা ও আলম্ব চিহ্নিত করো।

নমুনা প্রশ্নপত্র

চতুর্থ একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি-প্রকৃতিবিজ্ঞান

শ্রেণি—পঞ্চম

পূর্ণমান-২০ **সময়-৪০ মিনিট**

নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ

১। সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ **১×২=২**

১.১ ক্যাসিওপিয়া নক্ষত্রমণ্ডলকে দেখতে কার মতো লাগে?

(ক) A (খ) B (গ) W (ঘ) M

১.২ 'বেঙ্গল কেমিক্যাল অ্যান্ড ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস লিমিটেড'-এর প্রতিষ্ঠাতা হলেন—

(ক) প্রফুল্লচন্দ্র রায় (খ) লুই পাস্তুর (গ) আইজ্যাক নিউটন (ঘ) চার্লস ডারউইন

২। একটি বাক্যে উত্তর দাও ঃ **১×২=২**

২.১ 'অব্যক্ত' গ্রন্থটির রচয়িতা কে?

২.২ 'বঙ্গীয় বিজ্ঞান পরিষদ'-এর প্রতিষ্ঠাতা কে?

৩। সংক্ষেপে লেখো ঃ **২×১=২**

মুখ্য জোয়ার বলতে কী বোঝ?

৪। সংক্ষেপে উত্তর দাও ঃ **৩×৩=৯**

৪.১ গ্রহ ও নক্ষত্রের মধ্যে **তিনটি** পার্থক্য লেখো।

৪.২ 'কালপুরুষ' নক্ষত্রমণ্ডল সম্পর্কে টীকা লেখো।

৪.৩ চন্দ্রগ্রহণ বলতে কী বোঝ? প্রত্যেক পূর্ণিমাতে চন্দ্রগ্রহণ হয় না কেন?

৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ **৫×১=৫**

৫.১ মেঘনাদ সাহার সংক্ষিপ্ত জীবনী লেখো।

৫.২ বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ তা সংক্ষেপে লেখো।

নমুনা প্রশ্নপত্র

পঞ্চম একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি-প্রকৃতিবিজ্ঞান

শ্রেণি—পঞ্চম

পূর্ণমান-৩০ সময়-৪০ মিনিট

১। সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ ১×১=১

(ক) গ্রানাইট হল—— (আগ্নেয় শিলা/পাললিক শিলা/রূপান্তরিত শিলা)।

২। শূন্যস্থান পূরণ করো ঃ ১×২=২

(ক) বৃক্কের কাজ হল ——।

(খ) তেজস্ক্রিয় পদার্থ —— রোগ নিরাময়ে লাগে।

৩। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×৩=৬

(ক) ম্যাগ্‌মা বলতে কী বুঝ?

(খ) কয়লাকে 'কালো হিরে' বলা হয় কেন?

(গ) রক্তের কাজ কী?

৪। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) হৃদ্‌পিণ্ডের কাজ কী?

(খ) স্তন্যপায়ী প্রাণির হৃদ্‌পিণ্ডের কুঠুরিগুলির নাম লেখো।

(গ) শিরা ও ধমনীর মধ্যে দুটি পার্থক্য লেখো।

(ঘ) বেলেমাটিতে জন্মায় এমন দুটি ফসলের নাম লেখো।

(ঙ) জীবাশ্ম কীভাবে সৃষ্টি হয়?

(চ) মানুষের মূত্রে থাকে এমন দুটি পদার্থের নাম লেখো।

(ছ) ঘাম কীভাবে তৈরী হয় তা লেখো।

৫। নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) 'তরল সোনা' কাকে বলে? এবং কেন বলা হয়?

(খ) তামা, দস্তা এবং অ্যালুমিনিয়ামের একটি করে ব্যবহার লেখো।

৬। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) মাটি কীভাবে গঠিত হল? ইহাকে কয়ভাগে ভাগ করা যায় ও কী কী?

(খ) বৃক্কের ছবি এঁকে গবিনি ও হাইলাস চিহ্নিত করো।

প্রথম একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি - ইতিহাস

শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-২০ সময় — ৪০ মিনিট

১। নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) একাদশ শতাব্দীর একেবারে শেষে খ্রিস্টান ও মুসলমানদের মধ্যে——যুদ্ধ শুরু হয়। (শূন্যস্থান পূরণ করো)।

(খ) 'হেনরি দ্য নেভিগেটর' কাকে বলা হত?

(গ) লুই পাস্তুর পেনিসিলিন আবিষ্কার করেছিলেন। (সত্য বা মিথ্যা নির্ণয় করো)।

(ঘ) জাপানে পরমাণু বোমা ফাটানো হয়—১৮৪৫ খ্রিঃ/১৯৪৫ খ্রিঃ/১৯৫৫ খ্রিঃ—(সঠিক উত্তরটি নির্বাচন করো)।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির দুই অথবা তিনটি বাক্যে উত্তর দাও ঃ ২×৩=৬

(ক) 'ঝড়ের অন্তরীপ' নামকরণের কারণ কী?

(খ) আমেরিকা মহাদেশ কে, কীভাবে আবিষ্কার করেন?

(গ) টীকা লেখো ঃ দূরবীক্ষণ যন্ত্র।

৩। নিম্নলিখিত প্রশ্নটির সাত অথবা আটটি বাক্যে উত্তর দাও ঃ

(ক) ভৌগোলিক আবিষ্কারের ফল কী হয়েছিল? ৪

৪। নিম্নলিখিত প্রশ্নটির সামর্থ্যভিত্তিক উত্তর দাও ঃ ৬

(ক) আধুনিক বিজ্ঞান চিন্তার প্রবাদ পুরুষ রজার বেকন সম্পর্কে আলোচনা করো।

দ্বিতীয় একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি - ইতিহাস

শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-২০ সময়—৪০ মিনিট

১। নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ **১×৪=৪**

(ক) লোহা গলাবার বিশেষ ধরনের চুল্লি (ব্লাস্ট ফার্নেস) আবিষ্কৃত হয়—(১৬৬০/১৭৬০/১৮৬০) খ্রিস্টাব্দে। (সঠিক উত্তর নির্বাচন করো)।

(খ) —— নামে এক দরিদ্র শ্রমিক স্পিনিং জেনি আবিষ্কার করেন। (শূন্যস্থান পূরণ করো)।

(গ) ভারতের কোন্ বস্ত্রের জগৎজোড়া সুনাম ছিল?

(ঘ) ভারতে জলপথে যাতায়াতের জন্য প্রথমে চালু ছিল কলার ভেলা (সত্য/মিথ্যা নির্ণয় করো)।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির দুই অথবা তিনটি বাক্যে উত্তর দাও ঃ **২×৩=৬**

(ক) শিল্প বিপ্লব বলতে কী বোঝায়?

(খ) ভারতের প্রসিদ্ধ তাঁতশিল্প ধ্বংসের কবলে পড়েছিল কেন?

(গ) টেলিভিশন ও রেডিয়ো কীভাবে পৃথিবীকে ঘরের কোণে নিয়ে এসেছে?

৩। নিম্নলিখিত প্রশ্নটির সাত বা আটটি বাক্যে উত্তর দাও ঃ **৪**

(ক) শিল্প বিপ্লবের ফলে কৃষিক্ষেত্রে কী কী পরিবর্তন দেখা দিয়েছিল?

৪। নিম্নলিখিত প্রশ্নটির সামর্থ্যভিত্তিক উত্তর দাও ঃ **৬**

(ক) যোগাযোগ ব্যবস্থার উন্নতির ফলে মানব সভ্যতার অগ্রগতি কীভাবে ঘটেছে?

তৃতীয় একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি - ইতিহাস

শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-৩০ সময়—৫৫ মিনিট

১। নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ **১×৪=৪**

(ক) ইউরোপে সপ্তবর্ষব্যাপী যুদ্ধ শুরু হয়——খ্রিস্টাব্দে। (শূন্যস্থান নির্ণয় করো)।

(খ) ব্রহ্মদেশের বর্তমান নাম কী?

(গ) গোয়া, দমন ও দিউ নামক স্থানগুলিতে ফরাসিরা উপনিবেশ স্থাপন করেছিলেন (সত্য/মিথ্যা নির্ণয় করো)।

(ঘ) মাদাগাস্কার দ্বীপটি (ফরাসিদের/ইংরেজদের/ পোর্তুগিজদের) দখলে ছিল (সঠিক উত্তরটি নির্বাচন করো)।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির দুই অথবা তিনটি বাক্যে উত্তর দাও ঃ **২×৩=৬**

(ক) গণতন্ত্র কাকে বলে?

(খ) কবে, কার নেতৃত্বে আমেরিকার স্বাধীনতা যুদ্ধ শুরু হয়?

(গ) ভিয়েতনামের মানুষ কার নেতৃত্বে, কাদের বিরুদ্ধে দীর্ঘ সংগ্রাম চালিয়েছিল?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সাতটি অথবা আটটি বাক্যে উত্তর দাও ঃ **৪×২=৮**

(ক) জার্মানি কেন ভার্সাই সন্ধির বিরোধিতা করেছিল?

(খ) ইংল্যান্ডের গৌরবময় বিপ্লব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির সামর্থ্যভিত্তিক উত্তর দাও ঃ **৬×২=১২**

(ক) দ্বিতীয় বিশ্বযুদ্ধের ফলাফল আলোচনা করো।

(খ) আফ্রিকার মানুষ কেন মুক্তি সংগ্রামে সামিল হয়েছিল?

চতুর্থ একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি - ইতিহাস

শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-২০ **সময়—৪০ মিনিট**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ **১×৪=৪**

(ক) কলিকাতায় হিন্দু কলেজ স্থাপিত হয়—(১৮০৭/১৮১৭/১৮২৭) খ্রিঃ। (সঠিক উত্তরটি নির্বাচন করো)।

(খ) নীলদর্পণ নাটকটি রচনা করেন মাইকেল মধুসূদন দত্ত। (সত্য/মিথ্যা নির্ণয় করো)।

(গ) মুন্ডা বিদ্রোহ কার নেতৃত্বে ঘটেছিল?

(ঘ) —— খ্রিস্টাব্দে ক্ষুদিরাম বসুর ফাঁসি হয়। (শূন্যস্থান পূরণ করো)।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির দুই অথবা তিনটি বাক্যে উত্তর দাও ঃ **২×৩=৬**

(ক) সতীদাহ প্রথা নিবারণ আইন কবে, কে প্রবর্তন করেন?

(খ) রবীন্দ্রনাথ 'নাইট' উপাধি কেন ত্যাগ করেন?

(গ) মাতঙ্গিনী হাজরা ইতিহাসে বিখ্যাত কেন?

৩। নিম্নলিখিত প্রশ্নটির সাত অথবা আটটি বাক্যে উত্তর দাও ঃ **৪×১=৪**

(ক) শিক্ষার প্রসারে বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নটির সামর্থ্যভিত্তিক উত্তর দাও ঃ **৬×১=৬**

(ক) ভারতীয় নৌবিদ্রোহের ইতিহাস সংক্ষেপে বিবৃত করো।

পঞ্চম একক অভীক্ষা

বিষয় ঃ পরিবেশ পরিচিতি - ইতিহাস

শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-৩০ সময়—৫৫ মিনিট

১। নিম্নলিখিত প্রশ্নগুলির নির্দেশিকা অনুযায়ী উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) শান্তির পৃথিবী গড়ে তুলতে প্রথম বিশ্বযুদ্ধের পর কোন্ সংগঠনের আত্মপ্রকাশ ঘটে?

(খ) জাপানের উপর পরমাণু বোমা ফেলেছিল—জার্মানি/আমেরিকা/রাশিয়া। (সঠিক উত্তরটি বেছে নাও)।

(গ) ভারতের সংবিধান চালু হয়——খ্রিস্টাব্দে। (শূন্যস্থান পূরণ করো)।

(ঘ) জেলা পরিষদের প্রধানকে সভাধিপতি বলা হয়। (সত্য/মিথ্যা নির্ণয় করো)।

২। নিম্নলিখিত প্রশ্নগুলির দুই অথবা তিনটি বাক্যে উত্তর দাও ঃ ২×৩=৬

(ক) আদিম যুগের মানুষের জীবন ও জীবিকা কেমন ছিল?

(খ) জাপানে পরমাণু বোমা বিস্ফোরণের ফল কী হয়েছিল?

(গ) পৌরসভার কাজ কী?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির সাত অথবা আটটি বাক্যে উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) বর্তমানে বেশিরভাগ মানুষই পরমাণু যুদ্ধের বিপক্ষে কেন?

(খ) ভারতীয় সংবিধানের প্রস্তাবনা সম্পর্কে টীকা লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির সামর্থ্যভিত্তিক উত্তর দাও ঃ ৬×২=১২

(ক) শান্তিপূর্ণ পৃথিবী কীভাবে গড়ে তোলা যায়?

(খ) ভারতীয় সংবিধানে যে ৬টি মৌলিক অধিকারের উল্লেখ আছে সেগুলি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

প্রথম একক অভীক্ষার নমুনা মূল্যায়ন পত্র
বিষয় ঃ পরিবেশ পরিচিতি ভূগোল
শ্রেণি — পঞ্চম

পূর্ণমান-২০ | সময়—৪০ মিনিট

১। সঠিক উত্তরটি চিহ্নিত করো ঃ **১×৪=৪**

১.১ পৃথিবীতে মহাদেশ আছে ৬/৭/৮টি।

১.২ পৃথিবীতে বড়ো মহাসাগর আছে ৮/১০/৩টি।

১.৩ ভারতের উত্তরে চিন/বাংলাদেশ/পাকিস্তান অবস্থিত।

১.৪ ভারত ইউরোপ/আফ্রিকা/এশিয়া মহাদেশের অন্তর্গত।

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ **১×৭=৭**

২.১ অল্‌বিরুনি কে ছিলেন?

২.২ হিমালয়ের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?

২.৩ ভারতের একমাত্র মরুভূমির নাম কী?

২.৪ গঙ্গা কোথা থেকে উৎপন্ন হয়েছে?

